মিরপুরে বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৬ জুলাই) সকালে উপজেলা প্রশাসনের কার্যালয়ের সামনে থেকে এ উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। পরে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভার আয়োজন করা হয়।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)আব্দুল কাদিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান মর্জিনা খাতুন, মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আরএমও সহ পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও অন্যানরা।

বক্তারা বলেন, বর্তমানে পৃথিবীর জনসংখ্যা ৮০০ কোটি। ১৯৮৭ সালে ছিল ৫০০ কোটি। তাই পরিবার পরিকল্পনা কর্মসূচির গুরুত্ব অনস্বীকার্য। তারা বলেন, আমাদের মাতৃমৃত্যু হার, জন্মহার কমিয়ে আনতে হবে। স্বাভাবিক প্রসবের হার বাড়াতে হবে। আমাদের কর্মক্ষম লোকসংখ্যা বেশি। তাদের প্রশিক্ষিত করে তুলতে পারলে আমরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারব। তারা বলেন, পরিবার পরিকল্পনা বিভাগ কাজ করছে বলেই আজ বাংলাদেশ দারিদ্র্যসীমার ঊর্ধ্বে অবস্থান করছে।

সভাশেষে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ক্যাটেগরিতে শ্রেষ্ঠত্ব অর্জনকারী কর্মীদের মাঝে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

কুষ্টিয়ায় কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিনামূল্যে আমন ধান(উফশি), গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ও রাসয়নিক সার বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মিরপুর উপজেলা কৃষি অফিস চত্বরে এসব বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ কামারুল আরেফিন।

এসময় তিনি বলেন, কৃষিবান্ধব সরকার ক্ষমতায় রয়েছে বলেই কৃষকদের এখন আর সার নিয়ে সমস্যা হয় না। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে দেশে কৃষিতে বিপ্লব ঘটে।

তিনি আরও বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কৃষিবান্ধব নীতি মেনেই সরকার কৃষি উন্নয়নে বিভিন্নখাতে ভর্তুকি দিচ্ছে। আর কৃষি খাতে ভর্তুকি দেয়ায় কৃষকরা কৃষি কাজে উদ্বুদ্ধ হয়েছে বলেই বাংলাদেশ আজ খাদ্য ঘাটতির দেশ থেকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিনত হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল কাদের, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ, কৃষি সম্প্রসারণ অফিসার, মোঃ ইমরান বিন ইসলামসহ সংশ্লিষ্টরা।

মিরপুর উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রমেশ চন্দ্র ঘোষ জানান, মিরপুর উপজেলাতে ১৬২০ জন কৃষক কে উফশী আমন ধান বীজ ও সার প্রদান করা হবে যেখানে প্রতিজন ৫ কেজি ধান বীজ, ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমেপি সার প্রদান করা হবে। এছাড়া ৫০ জন কৃষক কে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ ও রাসয়নিক সার প্রদান করা হবে যেখানে প্রতিজন কৃষক ১ কেজি পেঁয়াজ বীজ, ২০ কেজি ডিএপি সার ও ২০ কেজি এমওপি সার প্রদান করা হবে।